

॥ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ২০১২

২০ / (আল্লাহর পথে) জিহাদ

পরিচ্ছেদঃ শহীদদের প্রকারভেদ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ : جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ إِنْ جَاءَ رَجُلٌ يُرِيدُ أَخْذَ مَالِيْ ? قَالَ فَلَا تُعْطِهِ مَالَكَ قَالَ : أَرَأَيْتَ إِنْ قَاتَلَنِي ؟ قَالَ قَاتِلُهُ قَالَ : أَرَأَيْتَ إِنْ قَتَلَنِي ؟ قَالَ فَإِنَّكَ شَهِيدٌ قَالَ : أَرَأَيْتَ إِنْ قَتَلْتُهُ ؟ قَالَ هُوَ فِي النَّارِ رواه مسلم

বাংলা

(২০১২) আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে নিবেদন করল, 'হে আল্লাহর রসূল! আপনি বলুন, যদি কেউ আমার মাল (অবৈধভাবে) নিতে আসে, তাহলে কী করতে হবে?' তিনি বললেন, তুমি তাকে তোমার মাল দেবে না।' পুনরায় সে নিবেদন করল, 'যদি সে আমার সাথে লড়াই করে?' তিনি বললেন, 'তাহলে (তুমিও) তার সাথে লড়াই কর।' সে বলল, 'বলুন, সে যদি আমাকে হত্যা ক'রে দেয়?' তিনি বললেন, 'তাহলে তুমি শহীদ হয়ে যাবে।' সে আবার জিজ্ঞাসা করল, 'বলুন, আমি যদি তাকে মেরে ফেলি (তাহলে কী হবে)?' তিনি বললেন, 'তাহলে সে জাহানামী হবে।'

ফুটনোট

(মুসলিম ৩৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65760>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন